চুয়াডাঙ্গায় আনসার ও ভিডিপি’র জেলা সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আনসার ও ভিডিপি কর্তৃক আয়োজিত জেলা আনসার সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা আনসার ও ভিডিপি কার্যালয়ে বুধবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গায় জেলা আনসার সমাবেশ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা আনসার সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর খুলনা রেঞ্জ এর পরিচালক আমজাদ হোসেন (পিএএমএস)।

এসময় প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন, প্রাকৃতিক দুর্যোগ, নির্বাচন, পূজাসহ বিভিন্ন ক্ষেত্রে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অগ্রণী ভূমিকা পালনের কথা তুলে ধরে তাদের এই কর্মকান্ড অব্যাহত রেখে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার আহবান জানান। তবে সরকার প্রান্তিক পর্যায়ের এই বাহিনীর জীবনমান আরও আধুনিকায়ন করার লক্ষ্যেও নানা পদক্ষেপ গ্রহণ করেছেন বলে জানান তিনি।

এ সময় তিনি আরও বলেন দেশ ও জনগনের স্বার্থে প্রতিনিয়ত বাংলাদেশ পুলিশ বাহিনীর সাথে কাঁধে কাঁধ মিলিয়ে রাষ্ট্রীয় কর্মকান্ডে আনসার ও ভিডিপি বাহিনীর সদস্যগন সহযোগীতা করে যাচ্ছেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আরাফাত রহমান। আনসার সদস্যদের সামরিক প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, ড্রাইভিং প্রশিক্ষন সহ নানারকম সাবলম্বী মূলক প্রশিক্ষণ দেয়া হয়। ভবিষ্যতে দেশের যেকোন কার্যক্রমে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সকলকে আহবান করেন। পরবর্তীতে জেলার দলনেতাদের বাই সাইকেল এবং দলনেত্রীদের একটি করে সেলাই মেশিন ও অন্যান্য সদস্যদের তাদের কাজের জন্য পুরস্কৃত করা হয়।

মেহেরপুরে বিদ্যুৎ স্পৃষ্টে এক ব্যক্তি গুরুত্বর আহত

মেহেরপুর বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে আব্দুল জলিল নামের এক ব্যক্তি গুরুত্বর আহত হয়েছে। বুধবার দুপুরে মেহেরপুর পিডিবি অফিসের কাছে একটি বিদ্যুতের পোলে কাজ করার সময় এ ঘটনা ঘটে। আব্দুল জলিল সদর উপজেলার রাজাপুর গ্রামের জাফর আলীর ছেলে। আব্দুল জলিল পিডিবির সহকারি লাইনম্যান হিসেবে কর্মরত আছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বুধবার দুপুরের দিকে জলিল কোন সুরক্ষা ছাড়াই পিডিবি অফিসের কাছে একটি বিদ্যুতের পোলে কাজ করছিলেন। এসময় হঠাৎ করেই লাইন বাস্ট করে। তারপরই তিনি বিদ্যুতের তারে জড়িয়ে ঝুলতে থাকে। পরে ফায়ার সার্ভিসে খবর দিলে ফায়ার সার্ভিস কর্মীরা এসে তাকে উদ্ধার করে। আব্দুল জলিল বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুরে বেগম রোকেয়ার স্মরণে আলোচনা সভা ও র্যালী

মেহেরপুর পৌরসভার উদ্যোগে জেন্ডার অ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে নারী জাগরণের পথিকৃৎ মহীয়সী নারী বেগম রোকেয়া স্মরণে বর্ণাঢ্য র্যালীর ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার দিকে মেহেরপুর পৌর কমিউনিটি হলের সামনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির হিসেবে বক্তব্য রাখেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। এছাড়াও পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেদী হাসান, পৌর কাউন্সিলর আল-মামুন সহ প্রমুখ। আলোচনার আগে মেহেরপুর পৌর মেয়র মাহফুজ রহমান

রিটনের নেতৃত্বে বেগম রোকেয়া স্মরণে একটি র্যালী বের করা হয়। র্যালীটি মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণ থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে পৌর কমিউনিটি সেন্টার প্রাঙ্গণে এসে শেষ হয়।এসময় উপস্থিত ছিলেন, প্রধান নিবার্হী কর্মকর্তা মেহেদী হাসান, কাউন্সিলর আল-মামুন, নুরুল আশরাফ রাজিব, হামিদা খাতুন, শিউলি আক্তার, আলপনা খাতুন, উপ-সহকারী প্রকৌশলী মহাসিন আলী, বস্তি উন্নয়ন কর্মকর্তা জাহিদুর রহমান সহ প্রমুখ।

মেহেরপুরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজিত

স্মার্টফোনে আসক্তি,পড়াশোনার ক্ষতি”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে আয়োজন করা হয়েছে। ২ দিন ব্যাপী চলমান এই আয়োজনটি আজ বুধবার বেলা ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলা চত্বরে শুরু হয়।
মেলায় ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নিয়েছে। সেখানে স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা নিজেদের উদ্ভাবিত করা প্রজেক্ট নিয়ে হাজির হয়েছে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধানে মেহেরপুর সদর উপজেলার আয়োজনে ২ দিনব্যাপী এ মেলা চলবে বৃহস্পতিবার বিকেল পর্যন্ত।

মেলায় বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রকল্প নিয়ে হাজির হওয়া স্কুল ও কলেজ গুলো হলো মেহেরপুর সরকারি মহিলা কলেজ, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়, আর.আর মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সরকারি কলেজ, ফ্রেন্ড ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ সহ প্রমুখ।

তাদের মধ্যে কেউ বানিয়েছে রোবট আবার কেউ বানিয়েছে মডেলের মাধ্যমে তুলে ধরেছে কলকারখানা ও রাস্তার গাড়ির ফলে হওয়া দূষণের চিত্র। কেউ আবার তুলে ধরেছে পরিবেশ রক্ষার চিত্র। এছাড়াও মেলার

পাশাপাশি প্রতিদিন রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন রয়েছে।

মেহেরপুরে করোনার বুস্টার ডোজ প্রদান শুরু

মেহেরপুরে শুরু হয়েছে করোনার বুস্টার ডোজের টিকা প্রদান কার্যক্রম। ফ্রন্টলাইনার ও ষাটোর্দ্ধ মানুষ যারা ২য় ডোজ করোনা টিকা নিয়েছেন তারা পাবেন এ বুস্টার ডোজ।

বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে বুস্টার ডোজের টিকা নিয়েছেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান ও পুলিশ সুপার রাফিউল আলম।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা. অলোক কুমার দাস। জেলা স্টেডিয়াম মাঠে এ টিকা দানের আয়োজন করে জেলা স্বাস্থ্য বিভাগ। প্রতিদিন ২০০ মানুষকে বুস্টার ডোজের টিকার এসএমএস পাঠানো হবে এমন তথ্য নিশ্চিত করে জেলা স্বাস্থ্য বিভাগ।

স্বাস্থ্য বিভাগের তথ্য মতে, জেলার করোনা ভ্যাক্সিনের জন্য অনলাইন রেজিস্ট্রেশন করেছেন ১ লাখ ৬৯ হাজার ৩২২ জন। যেখানে প্রথম ডোজ সম্পন্ন করেছে ১ লাখ ৬০ হাজার ৫৩২ জন। যার শত করা হার ৫৮.৮০%। ২য় ডোজ সম্পন্ন করেছে জেলার ১ লাখ ২৬ হাজার ২৬৮ জন । যার শতকরা হার ৪১.১২%। তবে জেলার ৮০ শতাংশ মানুষের করোনার টিকা শেষ না হওয়ার পরও বুস্টার ডোজ শুরু হওয়ায় অনেকেই ক্ষোভ প্রকাশ করেছেন।

ভারপ্রাপ্ত সিভিল সার্জন, ডা. অলোক কুমার দাস বলেন, আমরা চেষ্টা করছি জেলার ৯০ শতাংশ মানুষকে করোনা টিকার আওতায় আনার। তবে গ্রামে অনেকে মানুষ টিকা নিতে অনাগ্রহ প্রকাশ করছে। আগামী জানুয়ারী মাস থেকে গ্রাম পর্যায়ে ঘরে ঘরে গিয়ে করোনার টিকা প্রদানের সিদ্ধান্ত নিচ্ছে স্বাস্থ্য বিভাগ।

মেহেরপুরের সাবেক উপজেলা চেয়ারম্যান পালু অসুস্থ

মেহেরপুর সদর উপজেলার প্রথম চেয়ারম্যান ও জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি খন্দকার আমিরুল ইসলাম পালু (৭৮) অসুস্থ হয়ে রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

তিনি ডায়োবেটিস, কিডনির জটিল রোগে ভুগছেন। গত দুই সপ্তাহ ধরে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অবস্থা গুরতর হওয়ায় গত মঙ্গলবার চিকিৎসক তাঁকে বারডেম হাসপাতালে রেফার্ড করেন। এর আগে তিনি শহরের তাঁতীপাড়ার নিজ বাসভবনে অসুস্থ অবস্থায় দিন যাপন করছিলেন।

খন্দকার আমিরুল ইসলাম পালু মেহেরপুর পৌরসভার কমিশনার নির্বাচিত হয়েছিলেন। পরে তিনি পৌরসভার চেয়ারম্যানও নির্বাচিত হন।

খন্দকার আমিরুল ইসলাম পালুর ভাতিজা রাজন খন্দকার জানান, এই বর্ষিয়ান রাজনীতিবীদ বর্তমানে ক্রনিক সিওপিডি রোগে ভুগছেন। তার সুস্থতার জন্য পরিবারের পক্ষ থেকে মেহেরপুরবাসীর কাছে দোয়া চেয়েছেন।

দর্শনায় বিজিবির সোর্সকে গুলি করে হত্যা

চুয়াডাঙ্গার জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার সীমান্তবর্তী নাস্তিপুর গ্রামে বিজিবির সোর্স হয়রত আলি বিশ্বাস ওরফে হযোকে
(৫০) মাথায় গুলি করে হত্যা করেছে দুবৃর্ত্তরা।
মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে এই ঘটনা ঘটে। নিহত হযরত আলি নাস্তিপুর গ্রামের বাদলা বিশ্বাস এর ছেলে।

স্থানীয়রা জানায়, রাতে সে নিজ বসত ঘরে ঘুমিয়ে ছিল। রাত সাড়ে ১২টার দিকে দুবৃর্ত্তরা তাকে ঘরের জানালা দিয়ে গুলি করে। এতে সে মারাত্নক আহত হয়। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে রাত ৩টার দিকে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।
স্থানীয়রা আরো জানায়, চলতি মাসে সীমান্তবর্তী এলাকা থেকে বিজিবি র্স্বণের বড় চালান আটক করার জের ধরে এই হত্যাকান্ডের ঘটনা ঘটতে পারে বলে ধারনা করা হচ্ছে।
সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডাঃ সোহরাব হোসেন জানান, রাত দেড়টার দিকে মুমুর্ষ অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে এলে রাত ৩টার দিকে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।
দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, হযরত আলি বিজিবির সোর্স ছিল তবে কি কারনে তাকে হত্যা করেছে এখনি বলা যাচ্ছে না, তদন্ত চলছে।

মেহেরপুরে জোসনা বেকারির ২০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরের জোসনা বেকারিতে ময়লা ও অস্বাস্থ্যকর পরিবেশ, নষ্ট পচা ডিম কেক তৈরিতে ব্যবহার, খাবারের মেয়াদের তালিকা না থাকা, অনুমোদনহীন প্রোডাক্ট বিক্রি করা, বিএসটিআই এর অনুমোদন ছাড়া দই তৈরি করায় ২০ হাজাার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল মঙ্গলবার ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে এ অভিযান চালানো হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। এ সময় বেকারিতে ময়লা ও অস্বাস্থ্যকর পরিবেশ, পচা ডিম কেক তৈরিতে ব্যবহার, অনুমোদনহীন প্রোডাক্ট বিক্রি করা, খাবারে মেয়াদের তালিকা না থাকা,, বিএসটিআই এর অনুমোদন ছাড়া দই তৈরি করার কারনে বেকারির মালিকের নিকট থেকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদসহ

পুলিশের একটি দল সেখানে উপস্থিত ছিলেন।

মুজিবনগরে হিজড়াদের দু’পক্ষের মধ্যে হাতাহাতি

মুজিবনগরে সোহাগী ও সিমা হিজড়া গ্রুপের মধ্যে হাতাহাতি, হামলা ও পাল্টা হামলার ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের কয়েকজন জন আহত হয়েছে। তার মধ্যে সোহাগী খাতুন মুজিবনগর সরকারী স্বাস্থ্য কমপ্লেক্সে এ চিকিৎসাধীন রয়েছেন।

গতকাল মঙ্গলবার সকাল ৯ টার দিকে কেদারগঞ্জ বাজারে এ ঘটনা ঘটে।

সোহাগী গ্রুপের রহিমা, লিপি, রেখা, সুমি, সুরভী জানান, সিমার বাড়ি দিনাজপুর। সে চাই মেহেরপুরে একা রাজ করতে। অথচ আমরা মেহেরপুরের স্থানীয় হয়েও কাজ করতে পারবো না। সে বিভিন্ন মাস্তান দিয়ে আমাদের হুমকি ধামকি দিয়ে আসছে আমরা যেন আর গ্রামে না যায়। কিন্তু আমরা তার কথা না শুনে গ্রামে যায় বলে আমাদের উপর তার ক্ষোভ। আমরা কয়েকজন মিলে অটোতে করে মুজিবনগরের দিকে আসলে, সিমা খাতুন একটি মাইক্রোতে তার দলবল নিয়ে আমাদের তুলে নিয়ে যেতে আসে। এমনকি আমাদের জোর করে অটো থেকে নামিয়ে তারা মাইক্রোতে তুলে নেয়। আমরা আমাদের প্রাণ বাঁচাতে চিৎকার শুরু করলে স্থানীয় জনগণ এসে আমাদের উদ্ধার করে। এ সময় সিমার মাস্তানরা আমাদের মারধর শুরু করে। এ সময় সোহাগী খাতুন প্রতিবাদ করলে তাকেসহ আমাদের সহপাঠিদের লাঠি দিয়ে মারতে থাকে। আমরা পুলিশকে বিষয়টি জানিয়েছি। আমরা সিমার বিচার চাই।

তবে এ ব্যাপারে সিমা হিজড়ার মোবাইলে ফোন করলে সে রিসিভ না করায় তার সাথে কথা বলা সম্ভব হয়নি।

মুজিবনগর থানার এসআই আলিম জানান, সকালে হিজড়াদের দু’পক্ষের মাঝে হাতাহাতির ঘটনা ঘটেছিলো। আমরা এক পক্ষের অভিযোগ পেয়েছি। অভিযোগ পেয়ে আমি সকলের সাথে কথা বলি। তদন্ত সাপেক্ষে ঘটনার সত্যতা বের করে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা গ্রহণ করা

হবে।

আলমডাঙ্গায় ২ দিনব্যাপী বিজ্ঞান মেলার সমাপনী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গায় ৪৩তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ২ দিনব্যাপী বিজ্ঞান মেলার সমাপনী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ এবং বিতর্ক প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে ‘স্মার্ট ফোনে আসক্তি: পড়াশোনার ক্ষতি’ এ প্রতিপাদ্যর উপর বিতর্ক প্রতিযোগীতা এবং বিকালে সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণ আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমান।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট সালমুন আহমেদ ডন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক কৃষিবিদ গোলাম সরোয়ার মিঠু, মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন পাতা।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামীম রেজার উপস্থাপনায় পাইলট সরকারি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, বাদল স্মৃতি একাডেমির প্রধান শিক্ষক নুরুল ইসলাম দিপু, আলমডাঙ্গা সিদ্দীকিয়া আলিম মাদ্রাসার সুপার সিরাজুল ইসলাম প্রমুখ। পরে মেলায় অংশ গ্রহণকারীদের মধ্যে ও প্রতিযোগীতায় অংশ গ্রহণকারী বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।